

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১২.২০১৪-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, সৈয়দ আপেল মাহমুদ, ক্রেডিট সুপারভাইজার কুলাউড়া, মৌলভীবাজার কর্তৃক ২০১২-২০১৩ অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচির ৯,৬০,০০০/- টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ৭,৭৫,০০০/- টাকা বিতরণ, জুন ২০১৩ পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচির চলমান কিস্তির আদায়যোগ্য ১,৪৯০০০/- টাকার বিপরীতে ১,১১,০০০/- টাকা আদায় এবং ২,১০,০০০/- টাকা খেলাপীর বিপরীতে কোন টাকা আদায় করতে না পারার অভিযোগে অত্র দপ্তরের ১৯-০১-২০১৪ খ্রিঃ তারিখের ৩২ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ৩১-০৩-২০১৪ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে খেলাপী আদায়ে তিনি সময় প্রার্থনা করলে, তাকে জুন ২০১৪ পর্যন্ত সময় দেয়া হয়। অতঃপর তার আবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে কয়েক দফা সময় দেয়া হয়। সর্বশেষ খেলাপী আদায়ের নিমিত্ত ডিসেম্বর ২০১৫ পর্যন্ত সময় দেয়া হয়। উক্ত সময়ের মধ্যে তিনি খেলাপী ঋণের ৫,১১,১৮৭/- টাকা আদায় করেছেন, এখন তার সংশ্লিষ্ট খেলাপী রয়েছে ২,৪৫,০০০/- টাকা। অভিযুক্ত কর্মচারীর তদারকি কর্মকর্তা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুলাউড়া এবং উপ-পরিচালক, মৌলভীবাজার তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার সুপারিশ করেছেন।

০৩। যেহেতু, বিভাগীয় মামলার জবাব, খেলাপী আদায় পরিস্থিতি, নথি পর্যালোচনা এবং সার্বিক বিবেচনায় তাকে বিভাগীয় মামলায় শাস্তি না দিয়ে খেলাপী ঋণ আদায়ে আরো সময় দেয়া এবং বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

০৪। এক্ষণে, সেহেতু ক্রেডিট সুপারভাইজার, জনাব সৈয়দ আপেল মাহমুদ-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো একই সাথে তাকে :-

- ক) ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকতে সতর্ক করা হলো;  
খ) অবশিষ্ট খেলাপী আদায় নিশ্চিত করতে নির্দেশনা দেয়া হলো ;

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ২৪/১/১৪ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১২.২০১৪- ৪৬

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।  
০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।  
০৪। সহকারী পরিচালক(প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণে অনুরোধ করা হলো।  
০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার।  
০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কুলাউড়া, মৌলভীবাজার।  
০৭। সৈয়দ আপেল মাহমুদ, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কুলাউড়া, মৌলভীবাজার।  
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
০৯। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃংখলা)  
ফোন : ৯৫৫১৮৫৯